# AKASHVANI(AIR)

## RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 18-01-2026 Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

# তিনি গতকাল দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের সূচনার পাশাপাশি চারটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনেরও সূচনা করেন।

২) প্রধানমন্ত্রী বলেছেন অনুপ্রবেশের কারণে রাজ্যের তরুণদের কর্মসংস্থানে বাধা সৃষ্টি হচ্ছে।

৩) মুর্শিদাবাদের বেলডাঙ্গায় হিংসার প্রেক্ষিতে এ রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোসের হস্তক্ষেপ চেয়েছেন।

# এই ঘটনায় নির্বাচন কমিশন আইনশৃঙ্খলা রক্ষায় রাজ্যকে আরো সক্রিয় হতে বলেছে।

৪) ইসরোর চেয়ারম্যান ডক্টর ভি নারায়ণন বলেছেন আগামী বছরের মধ্যে ভারত মহাকাশচারী পাঠাবে ।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্য সফরের দ্বিতীয় পর্যায়ে আজ হুগলির সিঙ্গুরে ৮৩০ কোটি টাকার একগুচ্ছ উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে উল্লেখযোগ্য বালাগড়ে এক্সটেন্ডেড পোর্ট গেট সিস্টেম ও অভ্যন্তরীণ জলপথ টার্মিনালের

ভিত্তিপ্রস্তর স্থাপন। প্রায় ৯০০ একর এলাকায় গড়ে ওঠা এই প্রকল্প কলকাতার উপর থেকে ভারী পণ্য পরিবহণের চাপ কমাতে সাহায্য করবে।

এছাড়াও কলকাতায় রাজ্যের জন্য নির্মিত বৈদ্যুতিক ক্যাটামারান জলযানও উদ্বোধন করবেন তিনি। বাঁকুড়ার ময়নাপুর-জয়রামবাটি নতুন রেললাইন ও একাধিক অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের সূচনাও রয়েছে তাঁর কর্মসূচিতে। এগুলির মধ্যে রয়েছে – হাওড়া – আনন্দবিহার টার্মিনাল, শিয়ালদহ – বেনারস ও সাঁতরাগাছি – তাম্বারাম অমৃত ভারত এক্সপ্রেস।

সরকারী প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাসের পর প্রধানমন্ত্রী দুপুরে একটি দলীয় জনসভায় ভাষণ দেবেন। এরপর তাঁর দিল্লী ফিরে যাবার কথা।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী গতকাল মালদা টাউন স্টেশন থেকে দেশের প্রথম বন্দে ভারত স্লিপার - **হাওড়া- গুয়াহাটি (কামাখ্যা)** ট্রেনের যাত্রার সূচনা করেন। একইসঙ্গে ভার্চুয়ালি গুয়াহাটি-হাওড়া বন্দে ভারত স্লিপার ট্রেনের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী।

মালদায় এক অনুষ্ঠানে তিন হাজার ২৫০ কোটি টাকারও বেশি মূল্যের একগুচ্ছ রেল ও সড়ক পরিষেবা এবং পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন প্রধানমন্ত্রী । তিনি বলেন, ভারত এখন ইউরোপ ও আমেরিকার থেকেও বেশি লোকোমোটিভ তৈরি করছে।

শ্রী মোদী, ভার্চুয়ালি চারটি অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রারও সূচনা করেন। পাশাপাশি উন্নত এলএইচবি কোচের রাধিকাপুর-এসএমভিটি বেঙ্গালুরু এবং বালুরঘাট-এসএমভিটি বেঙ্গালুরু দূরপাল্লার ট্রেন পরিষেবার সূচনা করেন তিনি।

তিনি এরাজ্যে রেল রক্ষনাবেক্ষনের আধুনিকীকরণ সংক্রান্ত চারটি গুরুত্বপূর্ন রেল প্রকল্পেরও শিলান্যাস করেন।

oooooooooooooooooooooooooo

রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারকে নির্মম বলে অভিহিত করে তাদের অবিলম্বে বাংলা থেকে হঠানোর আহ্বান জানিয়েছেন বরিষ্ঠ বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র

মোদী । গতকাল মালদায় এক জনসভায় ভাষনে তিনি বলেন, এই রাজ্যে সব থেকে বড় সমস্যা হলো অনুপ্রবেশের। এই কারণে রাজ্যের তরুণদের কর্মসংস্থানের ব্যাঘাত ঘটছে বলে তিনি মন্তব্য করেন।

(বাইট – প্রধানমন্ত্রী/ UNEMPLOYMENT)

প্রধানমন্ত্রী তার ভাষণে বলেন, কেন্দ্রীয় সরকার রাজ্যের মানুষের জন্য নানা প্রকল্প চালু করলেও এরাজ্যে মমতা ব্যানার্জীর সরকার সেগুলি রূপায়ণে বাধা দিচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, কোন প্রকল্পই এখানে রূপায়িত হয় না। এই প্রসঙ্গে তিনি সাম্প্রতিক সিএজি-র রিপোর্ট উল্লেখ করে জানান, কিভাবে বন্যা ত্রাণে আসা টাকা লুঠ করা হয়েছে।

(বাইট – প্রধানমন্ত্রী/ FLOOD)

প্রধানমন্ত্রী স্পষ্ট ভাষায় জানান, মতুয়া নমশুদ্র এবং প্রতিবেশী দেশ থেকে ধর্মীয় নীপিড়ণের কারণে যারা এদেশে আসছেন, তাদের ভয় পাওয়ার কোন কারণ নেই। সরকার CAA-এর মাধ্যমে তাদের পূর্ণ সুরক্ষা দিয়েছে। বিজেপি ক্ষমতায় আসলে শরণার্থীদের উন্নয়ন আগে তরান্বিত হবে বলেও জানান তিনি।

ooooooooooooooooooooooooo

মুর্শিদাবাদের বেলডাঙ্গায় হিংসার প্রেক্ষিতে এ রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোসকে হস্তক্ষেপের অনুরোধ জানিয়েছেন। এ ঘটনাকে ভয়াবহ এবং আইন শৃংখলা পরিস্থিতির অবনতি বলে উল্লেখ করে অবিলম্বে রাজ্যপালের হস্তক্ষেপ দাবি করেছেন তিনি। পাশাপাশি ভারতীয় ন্যায় সংহিতার ১৬৩ নম্বর ধারা প্রয়োগ ও বেলডাঙ্গাতে কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী মোতায়নের ও দাবি জানিয়েছেন শুভেন্দু বাবু। বেলডাঙ্গায় লাগাতার হিন্দু সম্প্রদায়ের মানুষজনের উপর হিংসার রেকর্ড রয়েছে বলে উল্লেখ করে তিনি এ ব্যাপারে উচ্চ সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণেরও দাবি তুলেছেন। বেসরকারি টিভি চ্যানেলের সাংবাদিকদের আক্রান্ত হওয়ার

কথাও চিঠিতে উল্লেখ করা হয়েছে। রাজ্য সরকার হিংসা রোধে উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে না বলে তিন পাতার ওই চিঠিতে অভিযোগ করেছেন বিরোধী দলনেতা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর চলাকালীন বেলডাঙায় সাম্প্রতিক অশান্তির ঘটনায় উদ্বিগ্ন নির্বাচন কমিশন আইন শৃঙ্খলা রক্ষায় আরো যত্নবান হতে অনুরোধ জানিয়ে রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে মুখ্যসচিব, স্বরাষ্ট্রসচিব, ডিজিপি এবং সব জেলাশাসকের কাছে চিঠি পাঠানো হয়েছে।

চিঠিতে বলা হয়েছে, এসআইআর চলাকালীন রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখা তাঁদের দায়িত্ব। কোনও এলাকায় হিয়ারিং কেন্দ্র ঘিরে যাতে পুনরায় অশান্তির ঘটনা না ঘটে, সে দিকেও বিশেষ নজর দিতে বলা হয়েছে। পাশাপাশি জেলার জেলাশাসকদেরও সতর্ক থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।কমিশনের নির্দেশে চলতি বছরের ৫ জানুয়ারি থেকে প্রতি সপ্তাহে রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি-সহ সামগ্রিক রিপোর্ট পাঠাতে হচ্ছে সিইও দপ্তরকে। প্রথম সপ্তাহের রিপোর্টে চম্পাহাটির বাজি কারখানায় বিস্ফোরণ এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার ঘটনা উল্লেখ করা হয়েছিল। দ্বিতীয় সপ্তাহে বেলডাঙার অশান্তির বিস্তারিত রিপোর্ট পাঠানো হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এস আই আর শুনানিতে হয়রানির প্রতিবাদে পূর্ব বর্ধমানের কাটোয়ার মঙ্গলকোটে এবলমাথরুনে রাস্তার ওপর টায়ার জ্বালিয়ে গতকাল স্থানীয় মানুষেরা দফায় দফায় পথ অবরোধ ও বিক্ষোভ দেখায়। এর ফলে ব্যাপক যান জটের টের সৃষ্টি হয়। দুর্ভোগে পড়েন নিত্যযাত্রীরা। বিক্ষোভকারীদের অভিযোগ তাদের দীর্ঘ সময় লাইনে অপেক্ষা করতে হচ্ছে।

অন্যদিকে, কালনা মহকুমা শাসকের দপ্তরে ৭ নম্বর ফর্ম জমা দিতে এসেও তা দিতে না পারার অভিযোগ করেছে বিজেপি নেতা কর্মীরা।

এদিকে, বাঁকুড়ায়, SIR এর অভিযোগ জানানোর ৭ নম্বর ফর্ম জমা দেবার শেষ তারিখ আগামীকাল পর্যন্ত বাড়ানো হলেও গতকাল তা না নেওয়ায় জেলা প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ করেছে বিজেপি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

SIR পর্বে ফর্ম–সেভেন জমা ও যাচাই প্রক্রিয়া নিয়ে তৈরি হওয়া বিতর্কের মধ্যেই নির্বাচন কমিশন এবিষয়ে স্পষ্ট ব্যাখ্যা দিয়েছে। কমিশনের তরফে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো একটি চিঠিতে জানানো হয়েছে, চলতি বিশেষ নিবিড় সংশোধনী চলাকালীন কোনও বিধানসভা কেন্দ্রের ভোটার অন্য কেন্দ্রের ভোটারদের নাম বাদ দেওয়ার আবেদন করতে পারবেন না। সংশ্লিষ্ট কেন্দ্রের ভোটারই শুধু ফর্ম–৭ জমা দিতে পারবেন বলে স্পষ্ট করেছে কমিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারতের মহাকাশ গবেষণা সংগঠন ইসরো চন্দ্রযান ফোর এবং চন্দ্রযান ফাইভ অভিযানের প্রস্তুতি নিচ্ছে। কলকাতায় গতকাল আইআইটি খড়্গপুরের উদ্যোগে ইম্প্যাক্ট রাইস ২০২৬ কমক্লেভ অনুষ্ঠানে ইসরোর চেয়ারম্যান ডক্টর ভি নারায়ণন বলেছেন, ইসরো মঙ্গল অভিযানের জন্য মার্স ল্যান্ডার মিশনেরও প্রস্তুতি নিচ্ছে। পাশাপাশি চলতি বছরে অথবা আগামী বছর মহাকাশে মহাকাশচারীদের পাঠানো হবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এছাড়া আগামী দু-তিন বছরে মহাকাশে পাঠানো স্যাটেলাইটের সংখ্যা আরো তিন গুণ করা হবে বলে ডক্টর নারায়ণন জানিয়েছেন। সাংবাদিকদের এক  প্রশ্নের উত্তরে তিনি বলেন,পিএসএলভির ব্যর্থতার কারণ তারা খতিয়ে দেখছেন।

অনুষ্ঠানে তিনি বলেন,দেশের শিক্ষাক্ষেত্রে আইআইটি খড়্গপুরের বিশেষ অবদান রয়েছে। এই প্রতিষ্ঠানকে শুধুমাত্র দেশের মধ্যে প্রথম অথবা দ্বিতীয় স্থানে নয়,সারা বিশ্বে অন্যতম প্রতিষ্ঠান হিসেবে তুলে ধরতে হবে। অনুষ্ঠানে টেক্সম্যাকো রেল অ্যান্ড

ইঞ্জিনিয়ারিং লিমিটেড এবং ইন্ডিয়ান চেম্বার অব কমার্স-এর সঙ্গে আইআইটি খড়্গপুরের দুটি মৌ স্বাক্ষরিত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়িতে গতকাল হাইকোর্টের স্থায়ী সার্কিট বেঞ্চের উদ্বোধন হয়েছে। ভারতের প্রধান বিচারপতি সূর্যকান্ত ছাড়াও উপস্থিত ছিলেন কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল, কেন্দ্রীয় আইন মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, কলকাতা হাই কোর্টের বিশিষ্ট বিচারপতিরা।

সাংবাদিকদের কাছে কেন্দ্রীয় আইনমন্ত্রী জানান বিচার ব্যবস্থাকে আরও বেশি করে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে কলকাতা হাইকোর্টের সার্কিট বেঞ্চ জলপাইগুড়িতে চালু হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সার্কিট বেঞ্চ চালু হওয়ায় বিচার পেতে আর কলকাতা যেতে হবে না-এতে উত্তরবঙ্গের মানুষের সময় ও খরচ দুটোই কমবে বলে জানান তিনি। তবে রাজ্যে আইন শৃঙ্খলার সামগ্রিক পরিস্থিতি নিয়েও প্রশ্ন তোলেন আইন মন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জীবজন্তুদের মধ্যে নিপা ভাইরাস সংক্রমণ রুখতে আলিপুর চিড়িয়াখানা কর্তৃপক্ষ সব ধরনের সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করেছে। চিড়িয়াখানার ভিতরে ও বাইরে থাকা সব পশু পাখিরখাঁচা দিনে দুবার করে পরিষ্কার ও হাইপোক্লোরাইট রাসায়নিক দিয়ে জীবাণুমুক্ত করা হচ্ছে। দর্শনার্থীদের চলাচলের সব রাস্তা, বসার জায়গা প্রতিদিন স্যানিটাইজ করার সিদ্ধান্ত নিয়েছে চিড়িয়াখানা কর্তৃপক্ষ। এছাড়াও পশুর খাচায় প্রবেশকারী সকল কর্মীকে মাস্ক ও গ্লাভস পরা বাধ্যতামূলক করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

মেরামতি ও রক্ষনাবেক্ষনের জন্য আজ ভোর পাঁচটা থেকে দুপুর একটা পর্যন্ত বিদ্যাসাগর সেতু পুরোপুরি বন্ধ থাকছে। হুগলী রিভার ব্রিজ কমিশনার – HRBC সেতুর

কেবল এবং বিয়ারিং এর রক্ষনাবেক্ষনের কাজের জন্য এই সেতু দিয়ে সমস্ত রকমের যান চলাচল বন্ধ রাখছে বলে প্রশাসন জানিয়েছে।

ooooooooooooooooo

কসবা থানা এলাকায় গতকাল বিকেলে একটি বাড়ির একতলায় বিস্ফোরণে ঘরে জানলার সব কাঁচ ভেঙে যায়। আহত হন রঞ্জিত মন্ডল নামে এক ব্যক্তি। রঞ্জিত বাবুর স্ত্রী জানান ইউ টিউব দেখে বাজি তৈরি সময় এই ঘটনা ঘটে। কসবা থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে কয়েকটি তুবড়ির খোল উদ্ধার করে। পুলিশ তদন্ত করছে।

ooooooooooooooooo

সারা রাজ্যেই আগামী দু-দিন শীতের আমেজ অব্যাহত থাকবে। শুষ্ক আবহাওয়া আগামী সাত দিনই রাজ্যজুড়েই বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

তবে মঙ্গলবার থেকে সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৩ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিক থেকে যা দেড় ডিগ্রী কম। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকার সম্ভাবনা।

ooooooooooooooooooo

হুগলীর চুঁচুড়ার শুড়িপাড়া ব্যায়াম সমিতির উদ্যোগে গতকাল আমন্ত্রণ মূলক এক দেহসৌষ্ঠব প্রতিযোগিতার আয়োজন করা হয়। পাঁচটি ওজন বিভাগে প্রায় দু শো প্রতিযোগী এতে অংশ নিয়েছিলেন। হাওড়ার অভিজিৎ মণ্ডল প্রতিযোগিতার সেরা নির্বাচিত হন। দ্বিতীয় স্থান পেয়েছেন এই জেলারই সুরজিৎ দাস। পুরুষদের ফিজিক

বিভাগে দীপ্তায়ান বাগ বিজয়ী হয়েছেন। প্রাক্তন এশীয়াশ্রী  তুষার শীল, ভারত শ্রী দামোদর চ্যাটার্জী, অঞ্জন মিত্র প্রমূখ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo